

## 💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৭৭২

8. সাওম অধ্যায় (كتاب الصوم)

পরিচ্ছেদঃ ৩০. যে ব্যক্তি নফল রোযার নিয়াত করে সকালে (ঘুম থেকে) উঠে এরপর রোযা ভেঙ্গে ফেলে, তার সম্পর্কে

بَابِ فِيمَنْ يُصِبْحِ صَائِمًا تَطَوُّعًا ثُمَّ يُفْطِرُ

## আরবী

أَخْبَرَنَا أَبُو النَّعْمَانِ حَدَّثَنَا حَمَّادُ بْنُ سَلَمَةَ عَنْ سِمَاكِ بْنِ حَرْبٍ عَنْ هَارُونَ ابْنِ ابْنَةِ أُمِّ هَانِئٍ عَنْ أُمِّ هَانِئٍ عَنْ أُمِّ هَانِئٍ أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ دَخَلَ عَلَيْهَا وَهِيَ هَانِئٍ أَمْ هَانِئٍ عَنْ أُمِّ هَانِئٍ أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِنْ صَائِمَةٌ فَأْتِيَ بِإِنَاءٍ فَشَرِبَ ثُمَّ نَاوَلَهَا فَشَرِبَتْ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِنْ كَانَ قَطَيُّهُ فَلَا تَقْضِيهِ وَإِنْ شِئْتِ فَلَا تَقْضيه وَإِنْ شَئْتِ فَلَا تَقْضيه وَإِنْ شَئْتِ فَلَا تَقْضيه وَإِنْ شَئْتِ فَلَا تَقْضيه

## বাংলা

১৭৭২. উম্মু হানী রাদ্বিয়াল্লান্থ আনহা থেকে বর্ণিত যে, (একবার) নবী সাল্লাল্লান্থ আলাইহি ওয়া সাল্লাম তার নিকট প্রবেশ করলেন, আর তখন তিনি রোযাদার ছিলেন। এমতাবস্থায় তাঁর নিকট কিছু শরবত এল। এরপর তিনি এ থেকে পান করলেন, এরপর তাকে তা দিলেন। তিনিও তা থেকে কিছু পান করলেন। তখন রাসূলুল্লাহ সাল্লাল্লান্থ আলাইহি ওয়া সাল্লাম বললেন: "তা যদি রমযানের রোযার কাযা আদায় করার জন্য হয়ে থাকে, তবে অন্য একদিন রোযা রাখবে। আর যদি তা নফল রোযা হয়ে থাকে, তবে তুমি চাইলে এর কাযা আদায় করবে, না চাইলে এর কাযা আদায় করবে না।"[1]

## ফুটনোট

[1] তাহকীক: এর সনদ যয়ীফ। হারুণ মাজহুল (অজ্ঞাত পরিচয় রাবী)। তাখরীজ: তায়ালিসী ১/১৯১ নং ৯১৬; বাইহাকী ৪/২৭৮; মা'রিফাহ নং ৮৯২০; আহমাদ ৬/৩৪৩; তাবারাণী, আল কাবীর ২৪/৪০৭ নং ৯৯০; নাসাঈ, আল কুবরা নং ৩৩০৫; তাহাবী, শারহু মা'আনিল আছার ২/১০৭; দারুকুতনী, সুনান ২/১৭৪ নং ১২; তিরমিয়ী, সওম ৭৩১, ৭৩২; হাকিম ১/৪৩৯; পরবর্তী হাদীসটি দেখুন।



পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ উম্মু হানী বিনতু আবূ তালিব (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন